১২৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 JAN 1996 ...
পৃষ্ঠা ... ৩ কলম ... ২

# ১৩টির মধ্যে ১১টি থানায় কোন শিক্ষা কর্মকর্তা নাই

কিশোরগঞ্জ সংবাদদাতা। জেলায় মাত্র ২টি থানাতে শিক্ষা কর্মকর্তা রহিয়াছে। বাকী ১১টি থানাতেই শিক্ষা কর্মকর্তার পদ খালি। যে সমস্ত থানায় শিক্ষা কর্মকর্তা নাই, সেগুলি হইতেছে —কিশোরগঞ্জ সদর, করিমগঞ্জ, হোসেনপুর, কটিয়াদী, বাজিতপুর, কুলিয়ারচর, ভৈরব, অষ্টগ্রাম, ইটনা, মিঠামইন ও নিকলী। তন্মধ্যে করিমগঞ্জ থানা শিক্ষা কর্মকর্তাকে অর্থ আত্মসাতের অভিযোগে গত নভেম্বর মাসে সাময়িকভাবে বরখাস্ত করা হইয়াছে। এদিকে করিমগঞ্জ ও পাকুন্দিয়া থানায় ২ জন করিয়া এবং তাড়াইল,

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ১৩টি থানার মধ্যে

(৩য় পৃঃ পর)

হোসেনপুর, কটিয়াদী, বাজিতপুর কুলিয়ারচর, ভৈরব, অষ্টগ্রাম ও ইটনা থানায় ১ জন করিয়া সহকারী শিক্ষা কর্মকর্তার পদ শূন্য। ইহাছাড়া গত ১১ মাস ধরিয়া জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা পদেও লোক নাই। বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ২৪জন প্রধান শিক্ষক ও ৬৩ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। এমতাবস্থায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী, শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী, বিদ্যালয় পরিদর্শন, শিশু জরীপ, পুস্তক বিতরণসহ বিভিন্ন কাজকর্ম তদারকীতে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হইতেছে।